

তথ্য কমিশন
প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ১১৪/২০১৬

অভিযোগকারী : জনাব মোঃ রবিউল ইসলাম
পিতা:-মোঃ ওসমান আলী
গ্রাম-পাড়োরা, ডাক-মিঠাপুকুর
থানা-বদল গাছি, জেলা-নওগাঁ।

প্রতিপক্ষ : ক্যাপ্টেন
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
বানৌজা তিতুমীর
শহর খালিশপুর, খুলনা।

সিদ্ধান্তপত্র

(তারিখ : ১৯-০৭-২০১৬ ইং)

অভিযোগকারী ১৮-০২-২০১৬ তারিখে (অভিযোগে উল্লিখিত তথ্য অনুযায়ী) তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), বানৌজা তিতুমীর, শহর খালিশপুর, খুলনা বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

বানৌজা তিতুমীর থেকে ১০জুন, ২০১৫ তারিখে ইস্যুকৃত পিএফ-১৭০০/২০১৫ নম্বর চিঠির কপি।

- ২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ২২-০৩-২০১৬ তারিখে জনাব মোঃ সামসুল আলম, কমোডর ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), কমোডর কমান্ডিং, খুলনা বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ০২-০৫-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।
- ৩। ২৫-০৫-২০১৬ তারিখের সভায় অভিযোগটি শুনানীর জন্য গ্রহণ ১৬-০৬-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।
- ৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী হাজির হলেও প্রতিপক্ষ গরহাজির। প্রতিপক্ষ গরহাজির থাকায় ১৯-০৭-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে অভিযোগকারী ও ক্যাপ্টেন, বানৌজা তিতুমীর, শহর খালিশপুর, খুলনা এর প্রতি সমন জারী করা হয়। অদ্য ১৯-০৭-২০১৬ তারিখ শুনানীতে অভিযোগকারী ও ক্যাপ্টেন, বানৌজা তিতুমীর, শহর খালিশপুর, খুলনা এর পক্ষে নিয়োজিত রেগুলেটিং অফিসার লেঃ এম এন নবী, (এসডি),(জি),বিএন (পিনং ১৮৪৮) হাজির।
- ৫। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।
- ৬। প্রতিপক্ষ ক্যাপ্টেন, বানৌজা তিতুমীর, শহর খালিশপুর, খুলনা এর পক্ষে রেগুলেটিং অফিসার লেঃ এম এন নবী, (এসডি),(জি),বিএন (পিনং ১৮৪৮), তার বক্তব্যে উল্লেখ করেন যে, বানৌজা তিতুমীর থেকে ১০ জুন, ২০১৫ তারিখে পিএফ-১৭০০/২০১৫ নম্বরের কোন পত্র ইস্যু করা হয় নি মর্মে কমিশনকে অবহিত করেন এবং অত্র অভিযোগ থেকে অব্যাহতি চেয়ে তিনি কমিশনের নিকট আবেদন করেন। ইং লেঃ কমান্ডার বিএন, পর্ষদ সভাপতি রেজিনা আকতার কর্তৃক স্বাক্ষরিত পিএফ-১৭০০/২০১৫ নম্বরের পত্র সম্পর্কে কমিশন জানতে চাইলে রেগুলেটিং অফিসার লেঃ এম এন নবী, (এসডি),(জি), বিএন (পিনং ১৮৪৮), তার বক্তব্যে উল্লেখ করেন যে, ইং লেঃ

কমান্ডার বিএন, পর্যবেক্ষণ সভাপতি রেজিনা আকতার বিগত ৩১-১২-২০১৪ তারিখ বিকালে অবসর গ্রহণ করেন যার স্মারক নং প্রম/স্বাঃঅবঃ/২০১৩/ডি-৬/(অংশ)/৬৯৪ তারিখ ২ ডিসেম্বর, ২০১৪/ ১৮ অগ্রাহায়ণ ১৪২১। এমতাবস্থায় পিএফ-১৭০০/২০১৫ নম্বরের কোন পত্র ইস্যু করার এখতিয়ার ইঁঁ লেঁ: কমান্ডার বিএন, পর্যবেক্ষণ সভাপতি রেজিনা আকতার এর নেই। তিনি আরো উল্লেখ করেন যে, বানৌজা তিতুমীর থেকে পত্র জারীর ক্ষেত্রে গত ০১.০১.২০১২ তারিখ থেকে ডিজিটাল নাম্বার দেওয়ার কাজ শুরু হয়েছে। কাজেই অভিযোগকারী কর্তৃক অনুরোধকৃত পত্রটি কোন দাঙ্গরিক পত্র নয়।

পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, বানৌজা তিতুমীর, শহর খালিশপুর, খুলনা কার্যালয় থেকে পিএফ-১৭০০/২০১৫ নম্বরের কোন পত্র ইস্যু করা হয় নি মর্মে বক্তব্য কমিশনের নিকট গ্রহণযোগ্য বিবেচিত হওয়ায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

যেহেতু, অভিযোগকারীর প্রার্থিত তথ্য বানৌজা তিতুমীর, শহর খালিশপুর, খুলনা থেকে প্রেরণ করা হয় নি, সেহেতু, অভিযোগকারীর চাহিত তথ্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কর্তৃক প্রদান করা সম্ভব নয় বিবেচনায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে অব্যাহতি প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত

(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)

তথ্য কমিশনার

স্বাক্ষরিত

(নেপাল চন্দ্র সরকার)

তথ্য কমিশনার

স্বাক্ষরিত

(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)

প্রধান তথ্য কমিশনার